

১৩০. "নেই কোন স্বাধীনতা"

জীবন এখানে স্তবির

কুয়াশার চাদরে ঢাকা;

নীল দিগন্তে কেবলি

রক্ত রঞ্জিত মুখ ঝাঁকা।

ভাবনার আকাশে আজ

কেবল স্মৃতি জাগানু পাতা

বহে নির্ঝরে অশ্রুধারা

নেই কোন স্বাধীনতা।

চারদিকে কেবলি শূনি

সহস্র শংকিত বাণী,

খবরের কাগজে, টেলিভিশনে

করোনায় মৃত্যুর কুলখানি।

লকডাউনে যুদ্ধ লেগেছে

কাঁদে নিথর রাতে বিধবা মাতা;

হলো আজি বন্ধ সকল দ্বার

নেই কোন স্বাধীনতা।